

= সোয়াদ | □□d | —

আয়াতঃ ৩৮: ৩৬

া আরবি মূল আয়াত:

فَسَخَّرنَا لَهُ الرِّيحَ تَجرِي بِأَمرِهِ رُخَآءً حَيثُ أَصَابَ ﴿٣۶﴾

ফলে আমি বায়ুকে তার অনুগত করে দিলাম যা তার আদেশে মৃদুমন্দভাবে প্রবাহিত হত, যেখানে সে পৌঁছতে চাইত। — আল-বায়ান

অতঃপর বাতাসকে তার অধীন করে দিলাম, তার আদেশে তা মৃদুমন্দ গতিতে প্রবাহিত হত, যেখানে সে ইচ্ছে করত। — তাইসিরুল

তখন আমি তার অধীন করে দিলাম বায়ুকে যা তার আদেশে, সে যেখানে ইচ্ছা করত সেখানে মৃদুমন্দ গতিতে প্রবাহিত হত। — মুজিবুর রহমান

So We subjected to him the wind blowing by his command, gently, wherever he directed, — Sahih International

৩৬. তখন আমরা তার অধীন করে দিলাম বায়ুকে, যা তার আদেশে, তিনি যেখানে ইচ্ছে করতেন সেখানে মৃদুমন্দভাবে প্রবাহিত হত,

তাফসীরে জাকারিয়া

- (৩৬) তখন আমি বায়ুকে তার অধীন করে দিলাম, সে যেখানে ইচ্ছা করত সেখানে (বায়ু) মৃদু গতিতে (তাকে নিয়ে) প্রবাহিত হত। [1]
 - [1] অর্থাৎ, আমি সুলাইমানের দু'আ কবুল করলাম এবং তাকে এমন সাম্রাজ্য প্রদান করলাম, যাতে বাতাসও তার অনুগত ছিল। এখানে অনুগত বাতাসকে মৃদুমন্দ গতিতে প্রবহমান বলা হয়েছে, অথচ অন্য স্থানে তাকে প্রবল বলা হয়েছে। (সূরা আম্বিয়া ৮১ আয়াত) এর অর্থ এই যে, বায়ু সৃষ্টিগত শক্তি অনুযায়ী প্রবল। কিন্তু সুলাইমান (আঃ)- এর জন্য তা মন্থর করে দেওয়া হয়েছিল। অথবা সুলাইমান (আঃ)-এর চাহিদা অনুযায়ী কখনো প্রবল হত, কখনো মন্থর হত। (ফাতহুল ক্লাদীর)

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4006

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন